

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১৭০.১৬.০১৬.১৩-২২৫


তারিখঃ ২৭ জুন, ২০১৩ খ্রিঃ

বিষয়ঃ ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর বন্টন সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১৬.০১৬.১৩-১৪২ নং স্মারকের সংশোধন।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১৬.০১৬.১৩-১৪২ নং স্মারকে ৩য় ও ৪র্থ শ্রেণীর টেকনিক্যাল পদ ব্যতীত নন-টেকনিক্যাল সাধারণ প্রশাসনধর্মী পদে জনবল নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর যথাক্রমে ৭০% ও ৩০% নির্ধারণ করা হয়।

২। জারীকৃত স্মারকপত্র অনুযায়ী ৩য় শ্রেণীর নন-টেকনিক্যাল পদে লিখিত ও মৌখিক পরীক্ষা পদ্ধতি অনুসরণের নির্দেশনা থাকলেও ৪র্থ শ্রেণীর পদে লিখিত পরীক্ষা গ্রহণ করার কোন বাধ্যবাধকতা নেই। এক্ষেত্রে ৪র্থ শ্রেণীর পদে জনবল নিয়োগের ক্ষেত্রে পদের প্রকৃতি বিবেচনাক্রমে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করার বিষয়ে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১৬.০১৬.১৩-১৪২ নং স্মারকের ৩য় শ্রেণীর নন-টেকনিক্যাল পদে জনবল নিয়োগ সংক্রান্ত নির্দেশনা অপরিবর্তিত থাকবে।


(আবদুস সোবহান সিকদার)
সিনিয়র সচিব

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
(তঁার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/পরিদপ্তরকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।